

নিয়োগ বিজ্ঞপ্তি

১০/১২/২০২৪ ইং

রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস) একটি জাতীয় পর্যায়ের বে-সরকারী উন্নয়নমূলক সংস্থা। শেরপুর, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, গাজীপুর জেলাসহ প্রত্যন্ত অঞ্চলে দরিদ্র মানুষের সার্বিক উন্নয়নে কাজ করে আসছে। এমআরএ সনদ নং-০০১৯৩-০০০২৮-০০৩৭৪, এনজিও ব্যুরোর সনদপ্রাপ্ত এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় পরিচালিত ক্ষুদ্র ঋণ কর্মসূচিতে নিয়োগ ও প্যানেল তৈরী করার লক্ষ্যে আগ্রহী, কর্মঠ, বুদ্ধিদীপ্ত ও অধুমপায়ী বাংলাদেশের স্থায়ী বাসিন্দা পুরুষ প্রার্থীদের নিকট থেকে নিম্নোক্ত পদের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম, বয়স	শিক্ষাগত যোগ্যতা ও বেতন
১. শাখা হিসাব রক্ষক/এবিএম (মাইক্রোক্রেডিট) গ্রেড- (VII), বয়স : ২৫-৩৫ বছর। পদসংখ্যা : ২০ টি (পুরুষ)।	বানিজ্যে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারে (MS word, excel) সম্পর্কে পরিষ্কার ধারণা থাকতে হবে। হিসাবরক্ষকের কাজের পাশাপাশি ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে কাজ করার মনমানসিকতা থাকতে হবে। প্রশিক্ষণকালীন ভাতা হিসাবে ১৫,০০০/- টাকা করে ২ মাস। শিক্ষানবীশকালীন ৪ মাস সর্বসাকুল্যে বেতন ভাতা ২৩,৭০০/- টাকা এবং স্থায়ীকরণের পর সংস্থার নীতিমালা অনুযায়ী বেতন ভাতা প্রদান করা হবে।
২. ক্রেডিট অফিসার (মাইক্রোক্রেডিট) গ্রেড- (VIII), বয়স : ২৫-৩৫ বছর। পদসংখ্যা : ৫০ টি (পুরুষ)।	স্নাতক/সমমান। কম্পিউটারে (MS word, excel) জানা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। এক মাস প্রশিক্ষণকালীন ভাতা হিসাবে ১২,০০০/- টাকা। শিক্ষানবীশকালীন ৫ মাস সর্বসাকুল্যে বেতন ভাতা ২১,৩০০/- টাকা এবং স্থায়ীকরণের পর সংস্থার নীতিমালা অনুযায়ী বেতন ভাতা প্রদান করা হবে।

শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীদের নিকট হতে স্বহস্তে লিখিত আবেদন, শিক্ষাগত যোগ্যতা ও ন্যাশনাল আইডি কার্ড, অভিজ্ঞতার সনদ, ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, মোবাইল নাম্বার এবং আগামী ১০/০১/২০২৫ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নির্বাহী পরিচালক বরাবর নিম্ন ঠিকানায় দরখাস্ত আহবান করা যাচ্ছে। পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকার রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস) শিরোনামে হিস্‌নং-৬২০১১০০০২০৬৯৬, সোনালী ব্যাংক, শেরপুর শাখার বরাবর জমা দিয়ে জমার স্লিপ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- চাকুরী স্থায়ীকরণের পর সংস্থার নীতিমালা অনুযায়ী বেতন ভাতা ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। সকল পদের জন্য বাৎসরিক ৩টি উৎসব ভাতা, ইনসেন্টিভ বোনাস, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, অসুস্থতা ও মাতৃত্বকালীন ছুটি স্ববেতনে ৬ (ছয়) মাস, অর্জিত ছুটির বিপরীতে ভাতা, কল্যাণ তহবিল সুবিধা ও সংস্থা প্রদত্ত অন্যান্য সুবিধা প্রদান করা হবে।
- যোগদানের সময় সংস্থার অনুকূলে ১, ২ নং পদের জন্য ৮,০০০/- টাকা জামানত (ফেরতযোগ্য) হিসাবে জমা দিতে হবে, যার বিপরীতে নির্ধারিত হারে সুদসহ প্রদান করা হবে।
- অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বের চাকুরীস্থলের ছাড়পত্র এবং স্মারক ও তারিখ সহ অভিজ্ঞতার মূল সনদ প্রদর্শন করতে হবে।
- প্রার্থীদের মোটর সাইকেল/বাই সাইকেল চালানো জানতে হবে। নিজস্ব মোটর সাইকেল/বাই সাইকেল থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
- সরাসরি যোগাযোগের জন্য আবেদনপত্রে অবশ্যই প্রার্থীর মোবাইল/টেলিফোন নম্বর উল্লেখ করতে হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ছাড়াই যে কোন দরখাস্ত বাতিলের অধিকার সংরক্ষণ করেন।
- আরডিএস এর চাকুরী থেকে অব্যাহতি পেয়েছে অথবা চাকুরী থেকে বরখাস্ত করা হয়েছে এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- অধ্যয়নরত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
- যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

সংস্থা সম্পর্কে বিস্তারিত জানার জন্য সংস্থার ওয়েবসাইট www.rds-bd.org ভিজিট করুন। নিম্নোক্ত ঠিকানা হতে সরাসরি তথ্য সংগ্রহ করা যাবে। দরখাস্ত পাঠানোর ঠিকানা- প্রধান নির্বাহী কর্মকর্তা, রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস), ৪৯ গুর্দানারায়নপুর, শেরপুর টাউন, শেরপুর-২১০০।